গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৩
শের-ই- বাংলা নগর, ঢাকা
www.imed.gov.bd

অগ্রাধিকার ভিত্তিতে গুরুত্বপূর্ণ পল্লী অবকাঠামো উন্নয়ন প্রকল্প-৩

Terms of References (TOR)

(ক) প্রকল্পের বিবরণী:

১	প্রকল্পের নাম	:	**অগ্রাধিকার ভিত্তিতে গুরুত্বপূর্ণ পল্লী অবকাঠামো উন্নয়ন উন্নয়ন প্রকল্প-৩।**
২	উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ	:	স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়/স্থানীয় সরকার বিভাগ।
৩	বাস্তবায়নকারী সংস্থা	:	স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর ।
৪	অর্থের উৎস	:	বাংলাদেশ সরকারের জিওবি অর্থায়নে বাস্তবায়িত।

(খ) প্রাক্কলিত ব্যয়: **(লক্ষ টাকা)**

মূল	মোট	টাকা	প্রকল্প সাহায্য
	৬৪৭৬৬৫.০০	৬৪৭৬৬৫.০০	--

(গ) প্রকল্পের বাস্তবায়নকাল:

ডিপিপি'র ধরণ	প্রকল্প শুরুর তারিখ	সমাপ্তির তারিখ
মূল	০১ জুলাই ২০২০	৩০ জুন ২০২৬ (সংশোধনের পর্যায়) (১৮-০৯-২০২৩ তারিখ PEC সভার সিদ্ধান্ত মোতাবেক)

(ঘ) প্রকল্প এলাকা: সমগ্র বাংলাদেশের ৮টি বিভাগের ৬৪টি জেলায়।

(ঙ) প্রকল্পের উদ্দেশ্য:

- সমগ্র দেশের গ্রামীণ যোগাযোগ নেটওয়ার্ক উন্নয়নের লক্ষ্যে ৩০৫.২১ কি.মি. উপজেলা সড়ক, ৬৬০.৩৭ কি.মি. ইউনিয়ন সড়ক, ৫০৭৫.৭৬ কি.মি গ্রামীণ সড়ক উন্নয়ন, ও ১০৯০.৭৭ কি.মি গ্রামীণ সড়ক রক্ষণাবেক্ষণ এবং ৭৯৯২.২২ মিটার গ্রামীণ সড়কে অবকাঠামো নির্মাণ।
- প্রত্যন্ত পল্লী অঞ্চলের সাথে নিকটবর্তী গ্রোথ সেন্টার, স্বাস্থ্যকেন্দ্র, শিক্ষা প্রতিষ্ঠান ও পল্লী অঞ্চলে আধুনিক নগর সুযোগ সুবিধা সম্প্রসারণ; এবং
- স্বল্প ও দীর্ঘ মেয়াদে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি।

(চ) প্রকল্পের মূল কার্যক্রম:

প্রধান প্রধান কার্যক্রম	পরিমাণ
উপজেলা সড়ক উন্নয়ন	১১২.১৭ কি.মি.
ইউনিয়ন সড়ক উন্নয়ন	৬১৬.৪৬ কি.মি.
গ্রামীণ সড়ক উন্নয়ন	৫৪৬৮.২৭ কি.মি
গ্রামীণ সড়ক রক্ষণাবেক্ষণ	৫৮৫.৩৩ কি.মি
গ্রামীণ সড়কে অবকাঠামো নির্মাণ (সেতু /কালভার্ট)	১০৬৬৬.৭৩ মিটার

(ছ) পরামর্শক প্রতিষ্ঠানের কার্যপরিধি (ToR):

(১) প্রকল্পের সম্পূর্ণ এলাকা সমীক্ষার আওতাভুক্ত হিসেবে বিবেচিত হবে;

(২) প্রকল্পের বিবরণ (পটভূমি, উদ্দেশ্য, অনুমোদন/সংশোধনের অবস্থা, অর্থায়নের বিষয় ইত্যাদি সকল প্রযোজ্য তথ্য) পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

(৩) প্রকল্পের অর্থবছরভিত্তিক কর্মপরিকল্পনা, অর্থবছরভিত্তিক বরাদ্দ, ছাড় ও ব্যয় ও বিস্তারিত অঙ্গভিত্তিক বাস্তবায়ন (বাস্তব ও আর্থিক) অগ্রগতির তথ্য সংগ্রহ, সন্নিবেশন, বিশ্লেষণ, সারণি/লেখচিত্রের মাধ্যমে উপস্থাপন ও পর্যালোচনা;

(৪) প্রকল্পের উদ্দেশ্য অর্জনের অবস্থা পর্যালোচনা ও প্রকল্পের উদ্দেশ্য ও লগ ফ্রেমের আলোকে output পর্যায়ের অর্জন পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

(৫) প্রকল্পের আওতায় সম্পাদিত/চলমান বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংগ্রহের (Procurement) ক্ষেত্রে প্রচলিত সংগ্রহ আইন ও বিধিমালা (পিপিএ, পিপিআর, উন্নয়ন সহযোগীর গাইডলাইন ইত্যাদি) এবং প্রকল্প দলিল উল্লিখিত ক্রয় পরিকল্পনা প্রতিপালন করা হয়েছে/হচ্ছে কি না সে বিষয়ে তুলনামূলক পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

(৬) প্রকল্পের আওতায় সংগৃহীত/সংগৃহীতব্য পণ্য, কার্য ও সেবা পরিচালনা এবং রক্ষণাবেক্ষণের জন্য প্রয়োজনীয় জনবলসহ (টেকসই পরিকল্পনা) আনুষঙ্গিক বিষয় পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

(৭) প্রকল্পের আওতায় ডিপিপি'র সংস্থান অনুযায়ী সংগৃহীত/সংগ্রহের প্রক্রিয়াধীন বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংশ্লিষ্ট ক্রয়চুক্তিতে নির্ধারিত স্পেসিফিকেশন/BOQ/TOR, গুণগত মান, পরিমাণ অনুযায়ী প্রয়োজনীয় পরিবীক্ষণ/যাচাইয়ের মাধ্যমে সংগ্রহ করা হয়েছে/হচ্ছে কি না সে বিষয়ে তুলনামূলক পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

(৮) প্রকল্পের ঝুঁকি অর্থাৎ বাস্তবায়ন সম্পর্কিত বিভিন্ন সমস্যা যেমন অর্থায়নে বিলম্ব, বাস্তবায়নে পণ্য, কার্য ও সেবা ক্রয়/সংগ্রহের ক্ষেত্রে বিলম্ব, ব্যবস্থাপনায় অদক্ষতা ও প্রকল্পের মেয়াদ ও ব্যয় বৃদ্ধি ইত্যাদির কারণসহ অন্যান্য দিক বিশ্লেষণ, পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

(৯) প্রকল্প অনুমোদন সংশোধন (প্রযোজ্য ক্ষেত্রে) অর্থ বরাদ্দ, অর্থ ছাড়, বিল পরিশোধ ইত্যাদি বিষয়ে তথ্য-উপাত্তের পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

(১০) প্রকল্প চলাকালীন ইনটারনাল ও এক্সটারনাল অডিট সম্পাদন হয়েছে কিনা; হয়ে থাকলে তার প্রকৃতি নিয়ে আলোচনা;

(১১) উন্নয়ন সহযোগী সংস্থা (যদি থাকে) কর্তৃক চুক্তি স্বাক্ষর, চুক্তির শর্ত, ক্রয় প্রস্তাব প্রক্রিয়াকরণ ও অনুমোদন, অর্থ ছাড়, বিল পরিশোধে সম্মতি ও বিভিন্ন মিশন এর সুপারিশ ইত্যাদির তথ্য-উপাত্তভিত্তিক পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

(১২) প্রকল্প সমাপ্তির পর সৃষ্ট সুবিধাদি টেকসই (sustainable) করার লক্ষ্যে মতামত প্রদান;

(১৩) প্রকল্পের উদ্দেশ্য লক্ষ্য, প্রকল্পের কার্যক্রম, বাস্তবায়ন পরিকল্পনা, প্রকল্প ব্যবস্থাপনা, ঝুঁকি, মেয়াদ, ব্যয় অর্জন ইত্যাদি বিষয় বিবেচনা করে একটি SWOT ANALYSIS প্রণয়ন;

(১৪) প্রকল্পের ঘোষিত লক্ষ্য, উদ্দেশ্য অর্জনের ক্ষেত্রে কতটা কাঙ্খিত অগ্রগতি হয়েছে সে সম্পর্কে পর্যালোচনা ও পর্যবেক্ষণ প্রতিবেদনে উল্লেখ করতে হবে;

(১৫) প্রকল্প সংশ্লিষ্ট নথিপত্র পর্যালোচনা ও মাঠ পর্যায় হতে প্রাপ্ত তথ্যের বিশ্লেষণের আলোকে সার্বিক পর্যালোচনা, পর্যবেক্ষণ ও প্রয়োজনীয় সুপারিশসহ একটি প্রতিবেদন প্রণয়ন করবে ও জাতীয় কর্মশালায় প্রতিবেদনটি উপস্থাপন করতে হবে। জাতীয় কর্মশালায় প্রাপ্ত মতামত সন্নিবেশ করে বাংলা ও ইংরেজী ভাষা বিশেষজ্ঞ দ্বারা পরীক্ষান্তে চূড়ান্ত প্রতিবেদন প্রণয়ন করবে;

(১৬) প্রকল্প ব্যবস্থাপনা: প্রকল্প পরিচালক নিয়োগ, জনবল নিয়োগ, প্রকল্প ব্যবস্থাপনা কমিটির সভা, প্রকল্প সমীক্ষা তত্ত্বাবধান কমিটির সভা আয়োজন, কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন, সভার ও প্রতিবেদনের সিদ্ধান্ত বাস্তবায়ন, অগ্রগতির তথ্য প্রেরণ ইত্যাদি পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

(১৭) প্রকল্পটির ক্ষেত্রে পরিকল্পনা প্রণয়ন এবং যথাযথ ফিজিবিলিটি স্টাডি হয়েছে কিনা এ বিষয়ে পর্যালোচনা ও পর্যবেক্ষণ থাকতে হবে;

(১৮) প্রকল্পটির আওতায় বিভিন্ন ধরণের সড়ক নির্মাণে ও গ্রামীণ সড়কে অবকাঠামো নির্বাচন যথাযথ ছিল কিনা, জমির জটিলতা রয়েছে কিনা এ বিষয়ে পর্যালোচনা ও পর্যবেক্ষণ থাকতে হবে;

(১৯) প্রকল্পের আওতায় নির্মিত এবং নির্মিতব্য বিভিন্ন ধরণের সড়ক নির্মাণে ও গ্রামীণ সড়কে অবকাঠামো নির্মাণের ফলে পরিবেশের কোন ক্ষতি হবে কি না সে বিষয়ে আলোচ্য প্রকল্পটিতে সুস্পষ্ট রুপরেখা আছে কিনা সে বিষয়ে পর্যবেক্ষণ ও সুপারিশ থাকতে হবে;

(২০) ব্রিজ কালভার্ট নির্মাণে জনগণ কিভাবে উপকৃত হয়েছে সে বিষয়ে বিস্তারিত যাচাই এবং পর্যালোচনা। এক্ষেত্রে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের গাইডলাইন অনুসরণ করা হয়েছে কিনা তা যাচাই এবং পর্যালোচনা;

(২১) প্রত্যন্ত পল্লী অঞ্চলের সাথে নিকটবর্তী গ্রোথ সেন্টার, স্বাস্থ্যকেন্দ্র, শিক্ষা প্রতিষ্ঠান ও অন্যান্য সেবাদানকারী প্রতিষ্ঠানসহ উপজেলা, জেলার যাতায়াত সুবিধা বৃদ্ধির মাধ্যমে পল্লী অঞ্চলে আধুনিক নগর সুযোগ সুবিধা সম্প্রসারণ কতটুকু অবদান রাখবে সে বিষয়ে পর্যালোচনা;

(২২) নিজস্ব যন্ত্রপাতির মাধ্যমে পূর্ত নির্মাণ কাজের গুনগতমান যাচাইয়ের সক্ষমতা থাকতে হবে,

(২৩) কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত অন্যান্য বিষয়াবলী।

(জ) <u>ফার্ম ও ফার্মের পরামর্শকের প্রকৃতি ও যোগ্যতা:</u>

ক্র. নং	ফার্ম ও ফার্মের পরামর্শক	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা
১)	পরামর্শক প্রতিষ্ঠান	-	● গবেষণা/ প্রকল্প পরিবীক্ষণ ও মূল্যায়ন সংক্রান্ত স্টাডি পরিচালনায় ন্যূনতম ০৩ (তিন) বছরের অভিজ্ঞতা;
২)	ক) টিম লিডার-	যে কোন বিষয়ে স্নাতকোত্তর; উচ্চতর ডিগ্রি থাকলে অগ্রাধিকার প্রদান করা হবে	● গবেষণা/স্টাডি পরিচালনায় কমপক্ষে ১০ (দশ) বছরের অভিজ্ঞতা; ● সংশ্লিষ্ট কাজে ১০ (দশ) বছরের অভিজ্ঞতা এবং টিমলিডার হিসেবে কমপক্ষে ২ (দুই)টি পরিবীক্ষণ ও মূল্যায়ন সমীক্ষা পরিচালনা করার অভিজ্ঞতা; ● প্রকল্প ব্যবস্থাপনা, পাবলিক প্রকিউরমেন্ট এ্যাক্ট (পিপিএ) ও পাবলিক প্রকিউরমেন্ট রুলস (পিপিআর), e-GP অনুযায়ী কাজ করার অভিজ্ঞতা; ● প্রতিবেদন প্রণয়ন ও উপস্থাপনায় অভিজ্ঞতা থাকতে হবে এবং ● সমধর্মী কাজে কমপক্ষে ০৩টি প্রকাশনা থাকতে হবে।
	খ) মিড-লেভেল ইঞ্জিঃ	ন্যুনতম সিভিল ইঞ্জিনিয়ারিং -এ স্নাতক ডিগ্রি	● সিভিল ইঞ্জিনিয়ারিং কাজে কমপক্ষে ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা এবং সুপারভিশন কাজে ৩ (তিন) বছরের অভিজ্ঞতা থাকতে হবে; ● পরিবীক্ষণ ও মূল্যায়ন কাজে অভিজ্ঞতা অগ্রাধিকারপ্রাপ্ত; ● জলবায়ু পরিবর্তন ও বায়ো ডাইভারসিটি এবং পরিবেশের প্রভাব নির্ণায়ন কাজে অভিজ্ঞতা থাকতে হবে। ● পাবলিক প্রকিউরমেন্ট এ্যাক্ট (পিপিএ) ও পাবলিক প্রকিউরমেন্ট রুলস (পিপিআর) -এর বিষয়ে কাজ করার অভিজ্ঞতা। এছাড়া e-GP এবং উন্নয়ন সহযোগীর গাইড লাইন অনুযায়ী কাজ করার অভিজ্ঞতা; ● কম্পিউটারে বিশেষ দক্ষতা, প্রতিবেদন প্রণয়নে দক্ষতা এবং
	গ) আর্থ-সামাজিক বিশেষজ্ঞ	ডেভেলপমেন্ট স্ট্যাডিজ/ অর্থনীতি/সমাজবিজ্ঞান/ সমাজ কল্যাণ এবং অনুরুপ সংশ্লিষ্ট বিষয়ে ন্যূনতম স্নাতকোত্তর ডিগ্রি	● গবেষণা/স্টাডি পরিচালনায় কমপক্ষে ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা; ● আর্থ-সামাজিক বা সমজাতীয় ২টি মূল্যায়ন কাজের অভিজ্ঞতা এবং ● সমধর্মী কাজে কমপক্ষে ০৩টি প্রকাশনা থাকতে হবে।
	ঘ) ডাটা ম্যানেজমেন্ট বিশেষজ্ঞ	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পরিসংখ্যান বিষয়ে নুন্যতম স্নাতকোত্তর ডিগ্রি। উচ্চতর ডিগ্রিধারীদরে অগ্রাধিকার দেয়া হবে।	● ডাটা ম্যানেজমেন্ট সংশ্লিষ্ট কাজে কমপক্ষে ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা; ● কম্পিউটার মাইক্রোসফট ওয়ার্ড, এক্সেল, ডাটা এনালাইসিসসহ অন্যান্য Statistical Software package পরিচালনায় দক্ষ হতে হবে এবং ● ডাটা ব্যবস্থাপনা, ডাটা এন্ট্রি, এনালাইসিস ইত্যাদি বিষয়ে ৩ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।

(ঝ) <u>নিম্নলিখিত প্রতিবেদনসমূহ দাখিল করতে হবে:</u>

ক্র নং	প্রতিবেদনের নাম	দাখিলের সময়
১)	ইনসেপশন রিপোর্ট	চুক্তি সম্পাদনের ১৫ দিনের মধ্যে
২)	১ম খসড়া প্রতিবেদন	চুক্তি সম্পাদনের ৬০ দিনের মধ্যে
৩)	২য় খসড়া প্রতিবেদন	চুক্তি সম্পাদনের ৭৮ দিনের মধ্যে
৪)	ওয়ার্কশপের সুপারিশের আলোকে Draft Final Report	চুক্তি সম্পাদনের ৮০ দিনের মধ্যে
৪)	চূড়ান্ত প্রতিবেদন	চুক্তি সম্পাদনের ১০০ দিনের মধ্যে

(ঞ) <u>ক্লায়েন্ট কর্তৃক প্রদেয়:</u>

- প্রকল্প দলিল ও প্রকল্প সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিবেদন (যেমন: ডিপিপি)।
- বিভিন্ন স্টেকহোল্ডারের সাথে যোগাযোগের জন্য প্রয়োজনীয় সহযোগিতা প্রদান।